

আইসিটি শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	
ডায়েরী নং	৫৫৬৩
তারিখঃ	৩/১০/১৯
অফিস ডিআইজি (আইসিটি)	
অফিস এসপি (আইসিটি)	
নিম্ন এসপি/এসপি (আইসিটি)	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

অতীব জরুরী

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০৫.১৯- ২১৬১

তারিখ:-

১৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতিসংঘ শান্তিরক্ষা মিশন Formed Police Unit (FPU)-এ কমান্ডিং স্টাফ (সহকারী পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার ও পুলিশ সুপার) এবং মেডিকেল অফিসার হিসেবে প্রেরণের জন্য আহ্বী পুলিশ কর্মকর্তাদের (পুরুষ/মহিলা) আবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন Formed Police Unit (FPU)-এ ২০২০ সালের রোটেশনে প্রেরণের জন্য এবং ০১ টি Standby BANFPU এর জন্য বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে মেডিকেল অফিসার, সহকারী পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার ও পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাদের (পুরুষ/মহিলা)-কে অবহিত করতঃ আহ্বী পুলিশ কর্মকর্তাদের আবেদন/মনোনয়ন নিম্নবর্ণিত 'শর্তাবলি' ও 'ছক' মোতাবেক আগামী ২৩/১০/২০১৯ পুনঃ ২৩/১০/২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

- (১) 'FPU সদস্য বাছাই নির্দেশিকা ২০১৭' এর সকল শর্তাবলি প্রতিপালনপূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক নামের তালিকা প্রেরণ করবেন। সকল ইউনিট প্রধান/রেঞ্জ ডিআইজি (জেলার ক্ষেত্রে)গণকে একীভূত করে মনোনয়ন প্রেরণ করতে হবে। জেলা/ইউনিট হতে যথাযথ কর্তৃপক্ষের (ইউনিট প্রধান/রেঞ্জ ডিআইজি -জেলার ক্ষেত্রে) মাধ্যম ব্যতীত এবং সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ ব্যতিরেকে প্রেরিত মনোনয়ন এবং ব্যক্তিগত আবেদন মিশনে প্রেরণের জন্য গ্রহণ করা হবে না।

“ছক”

ক্রমিক	বিপি নম্বর	পদবি	নাম	ইউনিট	জন্ম তারিখ	চাকুরিতে যোগদানের	শিক্ষাগত যোগ্যতা	বিশেষ অভিজ্ঞতা/যোগ্যতা	জায়া জ্ঞান	মিশন অভিজ্ঞতা	শাস্তি		ইতোপূর্বে মিশনে কোন বিরূপ মন্তব্য পেয়েছেন কিনা	জাতীয় বেতন স্কেল প্রেচ নং	সর্বশেষ মিশন		
					দিন,মাস,বছর	দিন,মাস,বছর					লঘু	গুরু			মিশনের নাম	প্রত্যাবর্তনের তারিখ	

- (২) French এবং English Language-এ দক্ষতা সম্পন্ন কর্মকর্তাগণের আবেদন প্রেরণ করতে হবে।
- (৩) পুলিশ হেডকোয়ার্টার্স এর সিলেকশন বোর্ড এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ পুলিশ কর্মকর্তাগণ FPU মিশনে গমনের জন্য প্রাথমিকভাবে মনোনীত হবেন। সর্বোপরি FPAT কর্তৃক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ চূড়ান্তভাবে মিশনে গমনের যোগ্য মর্মে বিবেচিত হবে।
- (৪) কোন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হলে এবং কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করলে বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হলে অথবা পূর্ববর্তী মিশনে বিরূপ মন্তব্য প্রাপ্ত হলে মিশনে গমন করতে পারবে না এবং তার নাম প্রেরণ করা যাবে না।
- (৫) ইউনিট হতে মনোনীত/আবেদনকারী সদস্যের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।
- (৬) মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকার সফট কপি (MS Word/SutonnyMJ ফন্ট-এ) সিডি/ই-মেইল মারফত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ পাতা।

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)

বিপি-৭৮০৩০২৭৮১৬

এআইজি (ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

ফোন- ৯৫৬১৭৩০

- ১। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
- ২। মহাপরিচালক, র‍্যাভ, র‍্যাভ ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা
- ৩। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৪। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৫। অতিরিক্ত আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা

